কালের কণ্ঠ

তারিখ ... 22 NOV 2017 ...
পৃ. ৮ কলাম ... ৭ ...

# ইবির ভর্তি পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ইসলামী বিশ্ববিদ্যালয় ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রতিদিন চার শিফট করে পাঁচ দিনে আটটি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ।

রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয় ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১ ডিসেম্বর থেকে ৫ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। প্রতিদিন চারটি শিফটে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর প্রথম শিফট সকাল ৯টা থেকে ১০টা, দ্বিতীয় শিফট সকাল ১১টা থেকে ১২টা, তৃতীয় শিফট দুপুর দেড়টা থেকে আড়াইটা এবং চতুর্থ শিফট বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত। পরীক্ষার প্রথম দিন ১ ডিসেম্বর প্রথম শিফটে 'এফ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় শিফটে 'ই' ইউনিটের রোল ০০০০১ থেকে ০৬৫০০ এবং চতুর্থ শিফটে রোল ০৬৫০১ থেকে অবশিষ্টদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

দ্বিতীয় দিনে (২ ডিসেম্বর) প্রথম শিফটে 'ডি' ইউনিটের রোল ০০০০১ থেকে ০৬৫০০, দ্বিতীয় শিফটে রোল ০৬৫০১ থেকে ১৩০০০ এবং তৃতীয় শিফটে রোল ১৩০০১ থেকে অবশিষ্টদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তৃতীয় দিনে (৩ ডিসেম্বর) প্রথম শিফটে 'জি' ইউনিটের রোল ০০০০১ থেকে ০৬৫০০, দ্বিতীয় শিফটে রোল ০৬৫০১ থেকে অবশিষ্টদের এবং তৃতীয় শিফটে 'এইচ' ইউনিটের রোল নম্বর ০০০০১ থেকে ০৬৫০০, চতুর্থ শিফটে রোল ০৬৫০১ থেকে অবশিষ্টদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার চতুর্থ দিনে (৪ ডিসেম্বর) প্রথম শিফটে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা এবং দ্বিতীয় শিফটে 'বি' ইউনিটের রোল ০০০০১ থেকে ০৬৫০০, তৃতীয় শিফটে রোল ০৬৫০১ থেকে ১৩০০০ এবং চতুর্থ শিফটে রোল ১৩০০১ থেকে অবশিষ্টদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার শেষ দিনে (৫ ডিসেম্বর) প্রথম শিফটে 'সি' ইউনিটের রোল ০০০০১ থেকে ০৬৫০০, দ্বিতীয় শিফটে রোল ০৬৫০১ থেকে ১৩০০০ এবং তৃতীয় শিফটে রোল ১৩০০১ থেকে অবশিষ্টদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে আসন্ন ভর্তি পরীক্ষা উপলক্ষে আগামী ২৭ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত ক্লাস-পরীক্ষা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

কম্পিউটার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ বলেন, আগামী ২৯ নভেম্বর পর্যন্ত শিক্ষার্থীরা প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে। প্রবেশপত্রেই ভর্তীচ্ছুর আসন উল্লেখ থাকবে। এ ছাড়া ভর্তি পরীক্ষার সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ju.ac.bd) পাওয়া যাবে।

উল্লেখ্য, এ বছর ভর্তি পরীক্ষায় দুই হাজার ২৭৫টি আসনের বিপরীতে ৮৭ হাজার ৩৬৮ জন ভর্তীচ্ছু আবেদন করেছে। বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদভুক্ত আটটি ইউনিটে আসনপ্রতি ৩৮ জন ভর্তীচ্ছু পরীক্ষায় অংশ নেবে।

উপাচার্য অধ্যাপক ড. হারুন উর রশিদ আসকারী বলেন, 'আমরা শতভাগ নিশ্ছিদ্র নিরাপত্তার মধ্য দিয়েই ভর্তি পরীক্ষা নেওয়ার চেষ্টা করব। সবার সহযোগিতায় উৎসবমুখর পরিবেশে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।'